শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ 100

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

ISO 9001:2015 Certified

ফোন # ০২৫৮৮৮৮২৫৯৯
e-mail : naogaonpbs1 @ gmail.com
Web : www. Pbs1.naogaon.gov.bd

স্মারক নং- ২৭.১২.৬৪০০.৫৩৬.০২.০০৮.২৩. ৭০৭

তারিখ- ২১ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ। / ০৬ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ।

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ অফিস সেক্রেটারী এর শূন্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কম্পিউটার অপারেটর পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষর মাধ্যমে **(A-4 সাইজের কাগজে)** স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

## পদের নামঃ অফিস সেক্রেটারী

প্রার্থীর যোগ্যতাঃ

(ক) পবিসে কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৪০ শব্দ এবং ইংরেজীতে ৬০ শব্দ লিখতে সক্ষম হতে হবে।

(গ) প্রতি মিনিটে ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) টি ইংরেজীতে ও ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ টাইপ করার দক্ষতা, বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরামচিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান, দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান এবং দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে।

(ঘ) কম্পিউটার অপারেটর পদের সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।

(ঙ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পুরন হতে হবে।

শর্তাবলীঃ-

আবেদনকারীগণকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ্য পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশপূর্বক আবেদনপত্রসহ অফিস সেক্রেটারী পদে প্রার্থীগণকে আগামী ১৮/০৩/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় নওগাঁ পবিস-১ এর সদর দপ্তর, চকবিরাম, নওগাঁতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজ পত্র/দলিলাদি এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ-

০১। ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

গ) বিগত ০৫ বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমান বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

ঘ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান পত্র, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি এবং পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি।

ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং প্রার্থীর বিগত ০৩ বছরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্ত হননি এবং বিগত ০১ বছরের মধ্যে কোন লঘুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকার লঘুদন্ড প্রাপ্ত হননি এই মর্মে প্রত্যায়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃর্তকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত, বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

অঃ পৃঃ দ্রঃ

০২। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার প্রার্থী নওগাঁ জেলার নওগাঁ সদর, আত্রাই, রানীনগর, বদলগাছী, মান্দা, নিয়ামতপুর, মহাদেবপুর উপজেলার ভীমপুর ও চেরাগপুর ইউনিয়ন এর প্রার্থীগণ এবং বগুড়া জেলার আদমদীঘি উপজেলার সান্তাহার ইউনিয়নের ছাতনী, ঢেকড়া, প্রান্নাথপুর, দারিয়াপুর, কেল্লাপাড়া, পানলা, চকজান ও ডাংগাপাড়া গ্রামের প্রার্থীগণ এর আবেদন করার প্রয়োজন নেই।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেওয়া হবে। ''চলতি দায়িত্বে'' থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি / পূর্ববর্তী পদে ফেরত যেতে হবে।

০৪। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৫। কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

০৬। অত্র সমিতির সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দ ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্তের সর্ম্পকীয়দের আবেদন করার প্রয়োজন নেই।

০৭। প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার।
নওগাঁ পবিস-১।

<u>অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। {ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।}
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..........................পবিস-১/২/৩/৪।
০৫। সকল ডিজিএম, নওগাঁ পবিস-১।
০৬। সকল এজিএম, নওগাঁ পবিস-১।
০৭। এজিএম (আইটি), নওগাঁ পবিস-১ (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
০৮। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-১।

(মোঃ মনিরুল ইসলাম)
এজিএম (মানব সম্পদ) অঃ দাঃ।